

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

[www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

জৈষ্ঠ্য ১৬, ১৪১৭

তারিখঃ -----

মে ৩০, ২০১০

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১০-৮২৩

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

প্রকল্পের মেশিনারী/পণ্য আমদানির নিমিত্তে এলসি খোলার পূর্বে আমদানিতব্য পণ্যের মূল্য যাচাই প্রসঙ্গে।

GFET-2009 এর Vol-1 এর IMP Form (App 5/11) এর প্রতি সকল অনুমোদিত ডিলারের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত Form-এ আমদানিকারককে অন্যান্যের মধ্যে এ মর্মে ঘোষণা প্রদান করতে হয় যে, IMP Form-এ চলতি বাজার দর প্রদর্শিত হয়েছে এবং উক্ত ঘোষণার দালিলিক প্রমানাদি দেখে তা সত্য মর্মে অনুমোদিত ডিলারকে প্রত্যয়ন করতে হয়। এতদসত্ত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু ক্ষেত্রে IMP Form-এ প্রকৃত মূল্য অপেক্ষা বেশী মূল্য ঘোষিত হচ্ছে যা অনুমোদিত ডিলাররা সঠিক বলে প্রত্যয়ন করছে। ফলে বাজারে পণ্যমূল্য বৃদ্ধি পায়। তাছাড়াও, অনেক ক্ষেত্রে প্রকল্পগুলো রপ্তা হয়ে পড়ছে। উল্লেখ্য, IMP Form-এ বর্ণিত ঘোষণার যথাযথ প্রতিফলন না হওয়া যেমন বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিধির ব্যত্যয়, তেমনি মুদ্রা পাচার আইনেও বিচার্য অপরাধ।

০৩। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে অনুমোদিত ডিলারদের আমদানিতব্য পণ্যের মূল্যের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য প্রয়োজনীয় দলিলাদি যাচাই এবং প্রয়োজনে বাংলাদেশ দূতাবাসের সহায়তা গ্রহণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

০৪। সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিতকরণ এবং উপরোক্ত নির্দেশনা পরিপালন নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত

(খন্দকার আব্দুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭৫